রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৪, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৪ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩৯৫-আইন/২০২৬।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সাইবার সুরক্ষা আইন, ২০২৬ (২০২৬ সনের ৮১ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর দফা (২) এর বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সি (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **"জিপিএ"** অর্থ Grade Point Average (GPA);

(গ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রাপ্ত যেকোনো কর্মচারী;

(ঙ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

মূল্য : টাকা ৪০.০০

(চ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে কর্মরত অবস্থায় অতিবাহিত কোনো ব্যক্তির সময়;

(জ) **"সিজিপিএ"** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঝ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** বা **"স্বীকৃত বোর্ড"** বা **"স্বীকৃত ইন্সটিটিউট"** বা **"স্বীকৃত প্রতিষ্ঠান"** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইন্সটিটিউট বা স্বীকৃত প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইন্সটিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ এর দফা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; বা

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করিতে হইলে তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকিতে হইবে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে থাকিতে হইবে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত করা না হয়, বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে যদি থাকে ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে এবং তাহার চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে ও জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্যপদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয় যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্যপদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি বিবেচনা করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশক্রমে, সময় সময়, যেই পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যেসকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেইসকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান**।—তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণসংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

তফসিল-১
[বিধি-২(গ) দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	মহাপরিচালক	সাইবার সুরক্ষা আইন, ২০২৬ (২০২৬ সনের ৮১ নং আইন) এর ধারা ৬ অনুযায়ী।		
২।	পরিচালক	সাইবার সুরক্ষা আইন, ২০২৬ (২০২৬ সনের ৮১ নং আইন) এর ধারা ৬ অনুযায়ী।		
৩।	সিনিয়র ম্যানেজার	৪৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** ম্যানেজার বা ডিজিটাল ফরেনসিক ল্যাব সুপারভাইজার বা চিফ অডিটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি;

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; (গ) আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৫ (পাঁচ) টি প্রকাশনা; (ঘ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১০ (দশ) বৎসর চাকরির অভিজ্ঞতা; এবং (ঙ) সংশ্লিষ্ট ক্ষেত্রে পিএইচডি ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে আন্তর্জাতিকভাবে স্বীকৃত অন্যূন ৫ (পাঁচ) টি টেকনিক্যাল সনদ বা সার্টিফিকেট।
৪।	চিফ অডিটর	৪০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** এসওসি এনালিস্ট (TIER-3) বা বিজনেস স্পেশালিস্ট বা সলিউশন আর্কিটেক্ট বা মুখ্য প্রশিক্ষক বা ডিজিটাল ফরেনসিক ইনভেস্টিগেটর বা বিগ ডাটা আর্কিটেক্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; (গ) কোনো স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে আইটি অডিট বিষয়ে অন্যূন ১০ (দশ) বৎসর চাকরির অভিজ্ঞতা; এবং (ঘ) সংশ্লিষ্ট ক্ষেত্রে পিএইচডি ডিগ্রি অথবা প্রাসঙ্গিক বিষয়ে আন্তর্জাতিকভাবে স্বীকৃত অন্যূন ৪ (চার) টি টেকনিক্যাল সনদ বা সার্টিফিকেট।
৫।	ম্যানেজার	৪০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** এসওসি এনালিস্ট (TIER-3) বা বিজনেস স্পেশালিস্ট বা সলিউশন আর্কিটেক্ট বা মুখ্য প্রশিক্ষক বা ডিজিটাল ফরেনসিক ইনভেস্টিগেটর বা বিগ ডাটা আর্কিটেক্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				(খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১০ (দশ) বৎসর চাকরির অভিজ্ঞতা; এবং (ঘ) সংশ্লিষ্ট ক্ষেত্রে পিএইচডি ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে আন্তর্জাতিকভাবে স্বীকৃত অন্যূন ৪ (চার) টি টেকনিক্যাল সনদ বা সার্টিফিকেট।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
৬।	ডিজিটাল ফরেনসিক ল্যাব সুপারভাইজার	৪০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** এসওসি এনালিস্ট (TIER-3) বা বিজনেস স্পেশালিস্ট বা সলিউশন আর্কিটেক্ট বা মুখ্য প্রশিক্ষক বা ডিজিটাল ফরেনসিক ইনভেস্টিগেটর বা বিগ ডাটা আর্কিটেক্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				(গ) সফটওয়্যার শিল্পে তথ্যের নিরাপত্তা সংক্রান্ত সলিউশন বাস্তবায়ন, ক্রস প্লাটফর্ম সমন্বয়, একাধিক পরিবেশে ও অপারেটিং প্লাটফর্মে ডেভেলপমেন্ট এবং বাস্তব সমস্যা সমাধানে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরিসহ আন্তর্জাতিকভাবে স্বীকৃত ২ (দুই) টি সনদ বা সার্টিফিকেট।
৭।	উপ-পরিচালক	-	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী পরিচালক বা আইন কর্মকর্তা পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** সিনিয়র সহকারী সচিব সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে।
৮।	মুখ্য প্রশিক্ষক	৩৮ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সিনিয়র প্রশিক্ষক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বা সাইবার সিকিউরিটি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসর চাকরির অভিজ্ঞতা।
৯।	এসওসি এনালিস্ট (TIER-৩)	৩৮ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** এসওসি এনালিস্ট (TIER-2) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসর চাকরির অভিজ্ঞতা।
১০।	বিজনেস স্পেশালিস্ট	৩৮ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** এডমিনিস্ট্রেটর বা সিকিউরিটি আর্কিটেক্ট বা ক্রিপটোগ্রাফি এক্সপার্ট বা ইনসিডেন্ট হ্যান্ডলার বা পেনিট্রেশন টেস্টার বা কনটেন্ট স্ট্রাটেজিস্ট বা ইনফরমেশন সিকিউরিটি বিশেষজ্ঞ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সফটওয়্যার শিল্পে তথ্যের নিরাপত্তা সংক্রান্ত সলিউশন বাস্তবায়ন, ক্রস প্লাটফর্ম সমন্বয়, একাধিক পরিবেশে ও অপারেটিং প্লাটফর্মে ডেভেলপমেন্ট এবং বাস্তব সমস্যা সমাধানে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা।
১১।	সলিউশন আর্কিটেক্ট	৩৮ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** এডমিনিস্ট্রেটর বা সিকিউরিটি আর্কিটেক্ট বা কনটেন্ট স্ট্রাটেজিস্ট বা স্ট্যান্ডার্ড সার্টিফিকেশন ও এক্রিডিটেশন বিশেষজ্ঞ বা এপ্লিকেশন প্রোগ্রামার বা ইনফরমেশন সিকিউরিটি বিশেষজ্ঞ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				(খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা।
১২।	ডিজিটাল ফরেনসিক ইনভেস্টিগেটর	৩৮ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** ডিজিটাল ফরেনসিক এক্সামিনার বা এনালিস্ট বা এডমিনিস্ট্রেটর বা ইনসিডেন্ট হ্যান্ডলার বা পেনিট্রেশন টেস্টার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে ডিজিটাল ফরেনসিক সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				(খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা।
১৩।	বিগ ডাটা আর্কিটেক্ট	৩৮ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** এনালিস্ট বা সিনিয়র প্রশিক্ষক বা পেনিট্রেশন টেস্টার বা সিকিউরিটি আর্কিটেক্ট বা কনটেন্ট স্ট্রাটেজিস্ট বা স্ট্যান্ডার্ড সার্টিফিকেশন ও এক্রিডিটেশন বিশেষজ্ঞ বা এপ্লিকেশন প্রোগ্রামার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				প্রেষণে বদলির ক্ষেত্রে: (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সফটওয়্যার শিল্পে তথ্যের নিরাপত্তা সংক্রান্ত সলিউশন বাস্তবায়ন, ক্রস প্লাটফর্ম সমন্বয়, একাধিক পরিবেশে ও অপারেটিং প্লাটফর্মে ডেভেলপমেন্ট এবং বাস্তব সমস্যা সমাধানে অন্যূন ৭ (সাত) বৎসর চাকরির অভিজ্ঞতা।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৪।	এনালিস্ট	৩৫ বৎসর	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে; এবং (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী এনালিস্ট বা সহকারী এডমিনিস্ট্রেটর বা আইটি অফিসার বা সহকারী প্রোগ্রামার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনলজি বা ইনফরমেশন এন্ড সিকিউরিটি বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা সাইবার সিকিউরিটি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা; এবং (ঘ) সংশ্লিষ্ট ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ২ (দুই) টি সনদ বা সার্টিফিকেট।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৫।	সিনিয়র প্রশিক্ষক	৩৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** প্রশিক্ষক (সাইবার রেঞ্জ) বা সাইবার কারিকুলাম ডেভেলপার বা সহকারী প্রশিক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ২ (দুই) টি সনদ বা সার্টিফিকেট।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৬।	এপ্লিকেশন প্রোগ্রামার	৩৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী এনালিস্ট বা সহকারী এডমিনিস্ট্রেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৭।	স্ট্যান্ডার্ড সার্টিফিকেশন ও এক্রিডিটেশন বিশেষজ্ঞ	৩৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী এডমিনিস্ট্রেটর বা আইটি অফিসার বা সহকারী প্রোগ্রামার বা রিসার্চ এসোসিয়েট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ২ (দুই) টি সনদ বা সার্টিফিকেট।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৮।	ইনফরমেশন সিকিউরিটি বিশেষজ্ঞ	৩৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী এনালিস্ট বা সহকারী এডমিনিস্ট্রেটর বা আইটি অফিসার বা সহকারী প্রোগ্রামার বা রিসার্চ এসোসিয়েট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ২ (দুই) টি সনদ বা সার্টিফিকেট।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৯।	ক্রিপটোগ্রাফি এক্সপার্ট	৩৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী এডমিনিস্ট্রেটর বা সহকারী এনালিস্ট বা সাইবার কারিকুলাম ডেভেলপার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
২০।	পেনিট্রেশন টেস্টার	৩৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী এনালিস্ট বা সহকারী এডমিনিস্ট্রেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
২১।	ইনসিডেন্ট হ্যান্ডলার	৩৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী এনালিস্ট বা সহকারী এডমিনিস্ট্রেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সফটওয়্যার শিল্পে তথ্যের নিরাপত্তা সংক্রান্ত সলিউশন বাস্তবায়ন, ক্রস প্লাটফর্ম সমন্বয়, একাধিক পরিবেশে ও অপারেটিং প্লাটফর্মে ডেভেলপমেন্ট এবং বাস্তব সমস্যা সমাধানে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
২২।	সিকিউরিটি আর্কিটেক্ট	৩৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী এনালিস্ট বা সহকারী এডমিনিস্ট্রেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ২ (দুই) টি সনদ বা সার্টিফিকেট।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
২৩।	কনটেন্ট স্ট্রাটেজিস্ট	৩৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সাইবার কারিকুলাম ডেভেলপার বা সহকারী প্রোগ্রামার বা আইটি অফিসার বা রিসার্চ এসোসিয়েট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
২৪।	ডিজিটাল ফরেনসিক এক্সামিনার	৩৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী ডিজিটাল ফরেনসিক এক্সামিনার বা সহকারী ডিজিটাল ফরেনসিক ইনভেস্টিগেটর বা সহকারী এনালিস্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে ডিজিটাল ফরেনসিক সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
২৫।	এসওসি এনালিস্ট (TIER-2)	৩৫ বৎসর	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে; এবং (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** এসওসি এনালিস্ট (TIER-1) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
২৬।	এডমিনিস্ট্রেটর	৩৫ বৎসর	(ক) ৬৬% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে; এবং (খ) ৩৪% সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী এডমিনিস্ট্রেটর বা সহকারী প্রোগ্রামার বা আইটি অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।
২৭।	প্রশিক্ষক (সাইবার রেঞ্জ)	৩২ বৎসর	প্রেষণে বদলি বা সরাসরি নিয়োগের মাধ্যমে	**প্রেষণে বদলির ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত সরকারি প্রতিষ্ঠান হইতে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ২ (দুই) টি সনদ বা সার্টিফিকেট।
২৮।	সহকারী প্রশিক্ষক	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষক হিসাবে অভিজ্ঞ।
২৯।	সহকারী এনালিস্ট	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।
৩০।	এসওসি এনালিস্ট (TIER-1)	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।
৩১।	সহকারী পরিচালক	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যেকোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।
৩২।	আইটি অফিসার	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
৩৩।	সহকারী এডমিনিস্ট্রেটর	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।
৩৪।	সহকারী প্রোগ্রামার	৩২ বৎসর	সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী।	
৩৫।	সহকারী ডিজিটাল ফরেনসিক এক্সামিনার	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
৩৬।	সহকারী ডিজিটাল ফরেনসিক ইনভেস্টিগেটর	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।
৩৭।	সাইবার কারিকুলাম ডেভেলপার	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সাইবার সিকিউরিটি বা ইনফরমেশন সিকিউরিটি বা কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
৩৮।	রিসার্চ এসোসিয়েট	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বা টেলিযোগাযোগ প্রকৌশল বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।
৩৯।	আইন কর্মকর্তা	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; (গ) বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক নিবন্ধিত; এবং (ঘ) কম্পিউটার চালনায় দক্ষতা।
৪০।	বিবলিওগ্রাফার	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি;

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
				(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) MS Office, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় দক্ষতা।
৪১।	অডিটর (অর্থ)	৩২ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** হিসাবরক্ষক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত যেকোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) MS Office, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় দক্ষতা।
৪২।	কম্পিউটার অপারেটর	৩২ বৎসর	সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী।	
৪৩।	হিসাবরক্ষক	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত যেকোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) MS Office, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় দক্ষতা।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
৪৪।	ব্যক্তিগত সহকারী	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) MS Office, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় দক্ষতা।
৪৫।	টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল)	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ।
৪৬।	সহকারী স্টোর কিপার	৩২ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** অফিস সহায়ক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) MS Office, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় দক্ষতা।
৪৭।	অফিস সহায়ক	৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

তফসিল-২

[বিধি-২(গ) দ্রষ্টব্য]

হিসাবরক্ষক পদে সরাসরি নিয়োগ প্রার্থীর পরীক্ষার নাম, বিষয়, নম্বর ও সময়

পরীক্ষার নাম	**বিষয়ের নাম**	**নম্বর**	**সর্বনিম্ন পাস নম্বর**	**সময়**
(১)	**(২)**	**(৩)**	**(৪)**	**(৫)**
(ক) লিখিত পরীক্ষা	১। বাংলা	৩০	৫০%	৯০ মিনিট
	২। ইংরেজি	৩০		
	৩। গণিত	২০		
	৪। সাধারণ জ্ঞান	২০		
	মোট	১০০		
(খ) মৌখিক পরীক্ষা		১০	৫০%	
সর্বমোট		১১০		

ব্যাখ্যা।—লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য বিবেচনা করা হইবে।

তফসিল-৩

[বিধি-২(গ) দ্রষ্টব্য]

ব্যক্তিগত সহকারী, টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল), সহকারী স্টোর কিপার সরাসরি নিয়োগ প্রার্থীর পরীক্ষার নাম, বিষয়, নম্বর ও সময়

পরীক্ষার নাম	বিষয়ের নাম	নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
(১)	(২)	(৩)	(৪)	(৫)
(ক) লিখিত পরীক্ষা	১। বাংলা	৩০	৫০%	৯০ মিনিট
	২। ইংরেজি	৩০		
	৩। গণিত	২০		
	৪। সাধারণ জ্ঞান	২০		
	মোট	১০০		
(খ) মৌখিক পরীক্ষা		১০	৫০%	
সর্বমোট		১১০		

ব্যাখ্যা।—

(ক) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য বিবেচনা করা হইবে।

(খ) যেসকল পদে ব্যাবহারিক পরীক্ষা থাকিবে সেই সকল পদে পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

তফসিল-৪

[বিধি-২(গ) দ্রষ্টব্য]

অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগ প্রার্থীর পরীক্ষার নাম, বিষয়, নম্বর ও সময়

পরীক্ষার নাম	বিষয়ের নাম	নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
(১)	(২)	(৩)	(৪)	(৫)
(ক) লিখিত পরীক্ষা	১। বাংলা	১০	৫০%	১ ঘণ্টা
	২। ইংরেজি	১০		
	৩। গণিত	১০		
	৪। সাধারণ জ্ঞান	১০		
	মোট	৪০		
(খ) মৌখিক পরীক্ষা		১০	৫০%	
সর্বমোট		৫০		

ব্যাখ্যা।—লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য বিবেচনা করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মামুনুর রশীদ ভূঞা
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd